রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, ডিসেম্বর ২৪, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**

**বাস্তবায়ন অনুবিভাগ**

**বাস্তবায়ন অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ ডিসেম্বর ২০১৪

**নং ০৭.০০.০০০০.১৬১.১০.০৩৩.১৪-২৭৭**—যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৫ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি কর্তৃক প্রণীত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (পে-কমিশন) বিধিমালা, ২০০৭ এর বিধি ৩(১) অনুসারে অর্থ বিভাগের ১৭-৬-২০০৭ খ্রিস্টাব্দ তারিখের অম/অবি(বাস্তঃ১)/বিবিধ-৮/২০০৬/২২৩ নং প্রজ্ঞাপনমূলে গঠিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পে-কমিশন পুনর্গঠন করা সমীচীন;

সেহেতু, উক্ত বিধিমালার ৩(২) এর আলোকে পে-কমিশনের পুনর্গঠন এতদ্বারা ঘোষণা করা হ'ল ঃ

| | নাম | | পদবী |
|---|---|---|---|
| (১) | বিচারপতি জনাব নাজমুন আরা সুলতানা (বিচারক, আপীল বিভাগ) | - | চেয়ারম্যান |
| (২) | বিচারপতি জনাব মোঃ নূরুজ্জামান (বিচারক, হাইকোর্ট বিভাগ) | - | সদস্য |
| (৩) | ডক্টর এম. শাহ্ আলম (সদস্য, আইন কমিশন) | - | সদস্য |
| (৪) | বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পদাধিকারবলে) | - | সদস্য |
| (৫) | সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (পদাধিকারবলে) | - | সদস্য |
| (৬) | সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (পদাধিকারবলে) | - | সদস্য |



**মূল্য ঃ** টাকা ৪.০০

| | নাম | | পদবী |
|---|---|---|---|
| (৭) | সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (পদাধিকারবলে) | - | সদস্য |
| (৮) | রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (পদাধিকারবলে) | - | সদস্য |
| (৯) | জেলা জজ, ঢাকা | - | সদস্য |

২। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা, পে-কমিশনের সচিব এর দায়িত্ব পালন করবেন।

৩। ইতোপূর্বে জারীকৃত এস, আর, ও নং ৮-আইন/২০০৭-অম/অবি(বাস্ত-১)বিবিধ-৩/২০০৬, তারিখঃ ১৬ জানুয়ারি ২০০৭ অনুযায়ী এই কমিশন কার্যসম্পাদন করবে।

**মাহবুব আহমেদ**
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd